গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
আইসিটি শাখা
www.kurigram.gov.bd

## জুলাই, ২০১৭ মাসের জেলা ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ রফিকুল ইসলাম সেলিম<br>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)<br>কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ২৫-০৭-২০১৭ খ্রিস্টাব্দ। |
| সভার সময় | : | সকাল- ১০:০০ ঘটিকা। |
| সভার স্থান | : | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর অফিস কক্ষ, কুড়িগ্রাম। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। অতঃপর কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। বিষয়ভিত্তিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| 1 | **জেলা ও উপজেলা ইনোভেশন টিমের পুনর্গঠন সম্পর্কে আলোচনাঃ**<br>মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ২০১৩খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন মোতাবেক সভাপতি ইনোভেশন টিম গঠন এবং কর্মকর্তাদের বদলী, পদোন্নতি বা অন্যান্য কারণে ইনোভেশন টিম পুনর্গঠন বিষয়ে জানতে চাইলে সহকারী কমিশনার(আইসিটি) সভায় অবহিত করেন যে, রাজিবপুর, ফুলবাড়ী, উলিপুর ও কুড়িগ্রাম সদর উপজেলা হতে ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য পাওয়া গেছে। বাকী উপজেলার ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য এখন পর্যন্ত পাওয়া যায়নি। সভাপতি যে সকল উপজেলা ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য দিয়েছেন তাদের ধন্যবাদ জানান এবং যে সকল উপজেলার ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য প্রেরণ করেননি তাদের তাগিদপত্র দিতে বলেন এবং দ্রুত এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রামকে অনুরোধ করেন। | মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ২০১৩ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপনের নির্দেশনা মোতাবেক উপজেলা ইনোভেশন টিম পুর্নগঠন শেষে দ্রুত এ কার্যালয়কে অবহিত করতে হবে। | উপজেলা ইনোভেশন অফিসার (সকল), কুড়িগ্রাম। |
| ২ | **উপজেলা ইনোভেশন টিমের সভা সম্পর্কে আলোচনাঃ**<br>সহকারী কমিশনার (আইসিটি) সভায় অবহিত করেন যে, এ জেলার কোন উপজেলা হতে ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। সভাপতি কার্যবিবরণী না পাওয়ায় অসন্তোষ প্রকাশ করেন এবং দ্রুত তাগিদপত্র দেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। জেলা প্রশাসক, কুড়িগ্রামের ভ্রমণসূচি অনুযায়ী উপজেলা ইনোভেশন টিমের সভা আয়োজন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ১) যে সকল উপজেলায় জেলা প্রশাসক মহোদয়ের ভ্রমণ থাকবে না সে সকল উপজেলা তাদের উপজেলা ইনোভেশন টিমের সভা প্রতি ইংরেজি মাসের ১০ তারিখের মধ্যে অনুষ্ঠান সম্পন্ন করে ১৩ তারিখের মধ্যে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ করবেন।<br><br>২) জেলা প্রশাসক, কুড়িগ্রামের ভ্রমণসূচি অনুযায়ী উপজেলা ইনোভেশন টিমের সভা আয়োজন করতে হবে। | উপজেলা ইনোভেশন অফিসার (সকল) কুড়িগ্রাম<br><br>ও<br>সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম |

চলমান-২

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩ | **<u>ইনোভেশন টিম এর কার্যপরিধি সম্পর্কে আলোচনাঃ</u>**<br>সভায় ইনোভেশন টিমের কার্যপরিধি সম্পর্কে উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ আলোচনা করেন। প্রতিমাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন এবং প্রতি বৎসর নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন এবং ২০১৭ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করার জন্য সভাপতি উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে পুনরায় অনুরোধ করেন। | ১) জেলা ইনোভেশন টিমের বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৭ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম<br><br>২)সহকারী কমিশনার(আইসিটি), কুড়িগ্রাম। |
| ৪ | **<u>উপজেলা ইনোভেশন সার্কেল আয়োজন সম্পর্কে আলোচনাঃ</u>**<br>ভূরুঙ্গামারী উপজেলার বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৭ অনুযায়ী, আগস্ট মাসে "সোস্যাল মিডিয়া সংলাপ" আয়োজন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী মাসের মধ্যে "সোস্যাল মিডিয়া সংলাপ" আয়োজন করার জন্য সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী কুড়িগ্রাম-কে অনুরোধ জানান।<br>ফুলবাড়ী উপজেলা বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৭ অনুযায়ী আগামী সেপ্টেম্বর মাসে চলমান সেবায় উদ্ভাবনী উদ্যোগের সাথে উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠানের ইনোভেশন টিমের প্রাতিষ্ঠানিক সম্পর্ক শক্তিশালীকরণে স্বীয় উপজেলার উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নকারী কর্মকর্তা, উপজেলা ইনোভেশন কর্মকর্তা ও উপজেলা ইনোভেশন টিমের কর্মকর্তা/সদস্যদের সমন্বয়ে "সোস্যাল মিডিয়া সংলাপ" আয়োজন করা হবে। উক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী সেপ্টেম্বর মাসের যে কোন সুবিধাজনক সময়ে "সোস্যাল মিডিয়া সংলাপ" আয়োজনের দিনক্ষণ নির্ধারণপূর্বক এ কার্যালয়কে অবহিত করার জন্য সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রামকে অনুরোধ করেন। | বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৭ অনুযায়ী আগস্ট এবং সেপ্টেম্বর মাসের যে কোন সুবিধাজনক সময়ে "সোস্যাল মিডিয়া সংলাপ" আয়োজন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী/ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| ৫ | **<u>সেবা প্রদানে ইনোভেটিভ আইডিয়া এর কার্যক্রম সম্পর্কে আলোচনাঃ</u>**<br>উপজেলা পর্যায়ে যে সকল ইনোভেটিভ উদ্যোগ গ্রহণ করা হয় সে সকল ইনোভেটিভ উদ্যোগ এ কার্যালয়ে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার(সকল) কে সভাপতি অনুরোধ জানান। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে জনগণের দোরগোড়ায় সেবা পৌছে দেয়ার লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও এনজিওসমূহে ইনোভেটিভ আইডিয়া আছে যা স্বল্প যাতায়াত, সময় ও খরচে সম্পন্ন হয় তা নিয়ে সভায় পুনরায় আলোচনা করা হয়। | ১) জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান, এনজিওসমূহ ও জেলা পর্যায়ের সকল দপ্তর/বিভাগ, উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও কোর অফিসারকে নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | 1) জেলা ইনোভেশন অফিসার, কুড়িগ্রাম।<br><br>2)সহকারী কমিশনার(আইসিটি), কুড়িগ্রাম। |

চলমান-৩

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৬ | **<u>জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল সম্পর্কে আলোচনাঃ</u>**<br><br>সভায় জেলা ও উপজেলা ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ সম্পর্কে আলোচনা করা হয়। বর্তমানে পোর্টালে আপলোডকৃত তথ্যের বস্তুনিষ্ঠতা যাচাই এবং পোর্টালের ছবি ও তথ্যের প্রাসঙ্গিকতা পরীক্ষণ, ওয়েব পোর্টালে তথ্য সংযোজন ও নিয়মিত হালনাগাদকরণ সংক্রান্ত কার্যক্রম নিয়মিত পর্যালোচনা করা হয়।<br><br>জেলার সকল উপজেলার দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদপূর্বক প্রদত্ত তথ্য গত ২২/০৬/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে এ সংক্রান্ত প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। কিন্তু উপজেলা হতে এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ না করায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। অতিদ্রুত ওয়েব পোর্টাল হালনাগাদপূর্বক এ সংক্রান্ত প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করেন।<br><br>জেলার যে সকল অফিসের ওয়েব পোর্টালে প্রদত্ত তথ্য ক্রটিপূর্ণ, ট্যাবগুলো হালনাগাদ করা হয়নি সে সকল দপ্তর ০৬ আগস্ট, ২০১৭ তারিখের মধ্যে এ সংক্রান্ত প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ এবং ওয়েব পোর্টাল হালনাগাদকরণে কোন প্রকার সমস্যা দেখা দিলে/হালনাগাদ করতে না পারলে এ কার্যালয়ের আইসিটি শাখায় যোগাযোগ করার জন্য অনুরোধ করেন।<br><br>জেলা ও উপজেলা ইনোভেশন টিম জেলা ও উপজেলা পোর্টাল নিয়মিত মনিটরিং এবং উদ্ভূত সমস্যা ও জটিলতা নিরসনে প্রয়োজনীয় কর্মপদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। প্রতি মাসের সভায় জেলা ওয়েব পোর্টালের যে কোন একটি দপ্তরের হালনাগাদ তথ্য নিয়ে আলোচনা করার জন্য সভাপতি জেলা ইনোভেশন টিমের কর্মকর্তা/সদস্যবৃন্দকে অনুরোধ জানান। ওয়েব পোর্টাল সর্ম্পকে উদ্ভূত সমস্যা ও জটিলতা নিরসনে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | ১। জেলা ও উপজেলা ওয়েব পোর্টালের তথ্য সংযোজন ও নিয়মিত হালনাগাদ করতে হবে। জেলা ও উপজেলা ইনোভেন টিম জেলা ও উপজেলা পোর্টাল নিয়মিত মনিটরিং করবেন।<br><br>২। উপজেলা পোর্টালসমূহের তথ্য হালনাগাদপূর্বক প্রতি মাসের জেলা ইনোভেশন টিমের সভায় উপস্থাপন করতে হবে এবং প্রদত্ত তথ্য সংক্রান্ত প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>৩। জেলার সকল দপ্তরের ওয়েব পোর্টাল উল্লিখিত তারিখের মধ্যে হালনাগাদকরণ এবং জেলা ওয়েব পোর্টালের যে কোন একটি দপ্তরের হালনাগাদ তথ্য নিয়ে আলোচনা করতে হবে।<br><br>৪। ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদকরণের জন্য প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br><br>৫। নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালের পাসওয়ার্ড পরিবর্তন, প্রত্যেক দপ্তরের ওয়েব পোর্টালে সকল কর্মকর্তা/কর্মচারীগণের প্রোফাইল আপডেটসহ যে সকল দপ্তরের বিভিন্ন ধরণের প্রকল্প আছে তা ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। | ১। জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল এর ফোকাল পয়েন্ট<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br><br>৩। সহকারী কমিশনার (আইসটি) কুড়িগ্রাম। |

| | | | |
|---|---|---|---|
| ৭ | **<u>ইনোভেটিভ আইডিয়ার পাইলট প্রকল্প সম্পর্কে আলোচনাঃ</u>**<br><br>সভায় নাগরিক সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছানো নিশ্চিতকরণে জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরকে নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেন। | ১) জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হলো। | জেলা ইনোভেশন টিম, উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট দপ্তর |
| ৮ | বিবিধঃ<br><br>১। সভাপতি কুড়িগ্রাম জেলায় ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে ফেসবুক গ্রুপ Innovation Teams, Kurigram নিয়ে আলোচনা করেন। তিনি ইনোভেশন টিমের সকল সদস্যকে ফেসবুকের উক্ত গ্রুপটিতে সম্পৃক্ত হতে অনুরোধ করেন এবং জনবান্ধবমূলক ছবি ''ইনোভেশন টিম'স" ফেসবুক পেইজে আপলোড করার জন্য বিশেষভাবে অনুরোধ করেন।<br><br>২। কোন কর্মকর্তা বদলি বা অন্য কোন কারণে কর্মস্থল পরিবর্তন করলে তার উদ্যোগটি চলমান রাখতে সভায় অনুরোধ করা হয়।<br><br>৩। সভাপতি ইনোভেশন টিমের সদস্যদের নিকট হতে ই-ফাইলিং বিষয়ক কার্যক্রম জানতে চান। ইনোভেশন টিমের সদস্যগণ তাদের দপ্তরের ই-ফাইলিং কার্যক্রম তুলে ধরেন। ই-ফাইলিংয়ের মাধ্যমে নথি আদান প্রদান কার্যক্রম সম্পাদনের হার কম থাকায় সকলকে এই হার বাড়ানো এবং পত্রজারির হার বৃদ্ধি করতে বলেন। | ১) ইনোভেশন সংক্রান্ত ফেসবুক গ্রুপে সকল কর্মকর্তাকে অন্তর্ভুক্তকরণসহ জনবান্ধবমূলক ছবি আপলোড করার জন্য অনুরোধ করেন।<br><br>২) চলমান উদ্ভাবনীসমূহের উদ্ভাবক/ কর্মকর্তা বদলি হলে তা এ কার্যালয়কে অবহিত করতে হবে এবং উদ্যোগটি চলমান রাখার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৩। ডিজিটাল সিস্টেমে নথি ব্যবস্থাপনা শতভাগ উন্নীত করতে হবে। | ১) জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা, কুড়িগ্রাম।<br><br>২) সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রফিকুল ইসলাম সেলিম)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
কুড়িগ্রাম
ও
সভাপতি
জেলা ইনোভেশন টিম।
ই-মেইলঃ adcictkurigram@yahoo.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম
আইসিটি শাখা
www.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০২৬.০৩.০০৯.১৭-২২৩(২০)

তারিখঃ ২৬ শ্রাবণ, ১৪২৪ / ১০ আগস্ট, ২০১৭

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। উপজেলা নির্বাহী অফিসার ........................................ (সকল),কুড়িগ্রাম(তাঁকে উপজেলাস্থ সকল দপ্তর/বিভাগকে অবহিতকরণের অনুরোধ করা হলো)।

৫। ..............................................................
..............................................................

(মোঃ ইয়াসির আরাফাত)
সহকারী কমিশনার (আইসিটি)
ফোনঃ ০৫৮১-৬২৪০২
ই-মেইলঃ acictkurigram@yahoo.com

পরিশিষ্ট- "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রঃনং | নাম ও পদবী | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ সদরুল আলম সরকার, কৃষি প্রকৌশলী, কৃষি সম্প্রঃঅধিঃ, কুড়িগ্রাম | ০১৭১৪৫১৩২৫৪ | স্বাক্ষরিত |
| ২ | জনাব মোঃ আব্দুল কাদের কাজী, সহকারী জেলা শিক্ষা অফিসার,কুড়িগ্রাম | ০১৭২৩৯৯২২৬৯ | স্বাক্ষরিত |
| ৩ | জনাব শরিফুল আলম, প্রশিক্ষক, যুব উন্নয়ন অধিদপ্তর, কুড়িগ্রাম | ০১৮২২৯৪৫২৬৬ | স্বাক্ষরিত |
| ৪ | জনাব স্বপন কুমার রায়, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুড়িগ্রাম | ০১৭১৫৯৭৩৮৪৬ | স্বাক্ষরিত |
| ৫ | জনাব নয়ন অধিকারী, গবেষনা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, কুড়িগ্রাম | ০১৭৩৭১৮০৭৩৫ | স্বাক্ষরিত |

অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম।
জেলা রেজিস্ট্রার, কুড়িগ্রাম।
উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কুড়িগ্রাম।
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।

জেলা তথ্য অফিসার, কুড়িগ্রাম।

সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। অতঃপর কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। বিষয় ভিত্তিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| 1 | **<u>জেলা ও উপজেলা ইনোভেশন টিম এর পুনর্গঠন সম্পর্কে আলোচনাঃ</u>**<br><br>মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ২০১৩ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন মোতাবেক ইনোভেশন টিম গঠন এবং কর্মকর্তাদের বদলী, পদোন্নতি বা অন্যান্য কারণে ইনোভেশন টিম পুনর্গঠন বিষয়ে জানতে চাইলে সহকারী কমিশনার(আইসিটি) সভায় অবহিত করেন যে, রাজিবপুর, ফুলবাড়ী, উলিপুর ও কুড়িগ্রাম সদর উপজেলার ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য প্রেরণ করেছেন। বাকী উপজেলার ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য এখন পর্যন্ত পাওয়া যায়নি। সভাপতি যে সকল উপজেলা ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য দিয়েছেন তাদের ধন্যবাদ জানান এবং যে সকল উপজেলার ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য প্রেরণ করেননি দ্রুত এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রামকে অনুরোধ করেন। | মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ২০১৩ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন এর নির্দেশনা মোতাবেক জেলা ও উপজেলা ইনোভেশন টিম পুনর্গঠন প্রক্রিয়া ও পুনর্গঠন শেষে এ কার্যালয়কে অবহিত করতে হবে। | জেলা ইনোভেশন অফিসার<br><br>ও<br><br>উপজেলা ইনোভেশন অফিসার (সকল), কুড়িগ্রাম। |
| ২ | **<u>উপজেলা ইনোভেশন টিম এর সভা সম্পর্কে আলোচনাঃ</u>**<br><br>সহকারী কমিশনার (আইসিটি) সভায় অবহিত করেন যে, শুধুমাত্র কুড়িগ্রাম সদর ও উলিপুর উপজেলার ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে। অন্যান্য উপজেলা হতে ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। যে সকল উপজেলা হতে ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী পাওয়া যায়নি সে সকল উপজেলার প্রতি অসন্তোষ প্রকাশ করেন এবং দ্রুত তাগিদপত্র দেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। জেলা প্রশাসক, কুড়িগ্রাম এর ভ্রমণসূচি অনুযায়ী উপজেলা ইনোভেশন টিমের সভা আয়োজন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ১) উপজেলা ইনোভেশন টিমের সভা যে সকল উপজেলায় জেলা প্রশাসক মহোদয়ের ভ্রমণ থাকবে না সে সকল উপজেলা প্রতি ইংরেজি মাসের ১০ তারিখের মধ্যে অনুষ্ঠান সম্পন্ন করে ১৩ তারিখের মধ্যে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।<br><br>২) জেলা প্রশাসক, কুড়িগ্রাম এর ভ্রমণসূচি অনুযায়ী উপজেলা ইনোভেশন টিমের সভা আয়োজন করতে হবে। | উপজেলা ইনোভেশন অফিসার (সকল) কুড়িগ্রাম<br><br>ও<br><br>সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম |

| | | | |
|---|---|---|---|
| ৩ | **<u>ইনোভেশন টিম এর কার্যপরিধি সম্পর্কে আলোচনাঃ</u>**<br>সভায় ইনোভেশন টিমের কার্যপরিধি সম্পর্কে উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ আলোচনা করেন। প্রতিমাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন বিষয়ে আলোচনা করা হয়। মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন এবং প্রতি বৎসর নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন এবং ২০১৭ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করার জন্য সভাপতি উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে পুনরায় অনুরোধ করেন। | ১) জেলা ইনোভেশন টিমের বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৭ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম<br><br>২)সহকারী কমিশনার(আইসিটি), কুড়িগ্রাম। |
| ৪ | **<u>উপজেলা ইনোভেশন সার্কেল আয়োজন সম্পর্কে আলোচনাঃ</u>**<br>চিলমারী উপজেলার বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৭ অনুযায়ী, জুন মাসে “সোস্যাল মিডিয়া সংলাপ” আয়োজন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু উক্ত সিদ্ধান্ত অনুযায়ী এখন পর্যন্ত সংলাপ আয়োজন করা হয়নি। আগামী মাসের মধ্যে “সোস্যাল মিডিয়া সংলাপ” আয়োজন করার জন্য সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী, কুড়িগ্রাম-কে পুনরায় অনুরোধ জানান।<br>ভূরুঙ্গামারী উপজেলা বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৭ অনুযায়ী আগামী আগস্ট মাসে চলমান সেবায় উদ্ভাবনী উদ্যোগের সাথে উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠানের ইনোভেশন টিমের প্রাতিষ্ঠানিক সম্পর্ক শক্তিশালীকরণে স্বীয় উপজেলার উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নকারী কর্মকর্তা, উপজেলা ইনোভেশন কর্মকর্তা ও উপজেলা ইনোভেশন টিমের কর্মকর্তা/সদস্যদের সমন্বয়ে “সোস্যাল মিডিয়া সংলাপ” আয়োজন করা হবে। উক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী আগস্ট মাসের যে কোন সুবিধাজনক সময়ে “সোস্যাল মিডিয়া সংলাপ” আয়োজনের দিনক্ষণ নির্ধারণপূর্বক এ কার্যালয়কে অবহিত করার জন্য সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামরী, কুড়িগ্রামকে অনুরোধ করেন। | বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৭ অনুযায়ী জুলাই এবং আগস্ট মাসের যে কোন সুবিধাজনক সময়ে “সোস্যাল মিডিয়া সংলাপ” আয়োজন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী/ ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |

| | | | |
|---|---|---|---|
| ৫ | **<u>সেবা প্রদানে ইনোভেটিভ আইডিয়া এর কার্যক্রম সম্পর্কে আলোচনাঃ</u>**<br><br>উপজেলা পর্যায়ে যে সকল ইনোভেটিভ উদ্যোগ গ্রহণ করা হয় সে সকল ইনোভেটিভ উদ্যোগ এ কার্যালয়ে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার(সকল) কে সভাপতি অনুরোধ জানান। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে জনগণের দোরগোড়ায় সেবা পৌছে দেয়ার লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও এনজিওসমূহে ইনোভেটিভ আইডিয়া আছে যা স্বল্প যাতায়াত, সময় ও খরচে সম্পন্ন হয় তা নিয়ে সভায় পুনরায় আলোচনা করা হয়। | ১) জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান, এনজিওসমূহ ও জেলা পর্যায়ের সকল দপ্তর/বিভাগ, উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও কোর অফিসারকে নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | 1) জেলা ইনোভেশন অফিসার, কুড়িগ্রাম।<br><br>2) সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম। |

| | | | |
|---|---|---|---|
| ৬ | **<u>জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল সম্পর্কে আলোচনাঃ</u>**<br><br>সভায় জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল এর তথ্য হালনাগাদ সম্পর্কে আলোচনা হয়। বর্তমানে পোর্টালে আপলোডকৃত তথ্যের বস্তুনিষ্ঠতা যাচাই এবং পোর্টালের ছবি ও তথ্যের প্রাসঙ্গিকতা পরীক্ষণ, ওয়েব পোর্টালে তথ্য সংযোজন ও নিয়মিত হালনাগাদকরণ সংক্রান্ত কার্যক্রম নিয়মিত পর্যালোচনা করা হয়।<br><br>জেলার প্রায় সকল উপজেলার ওয়েব পোর্টাল হালনাগাদ নেই মর্মে উক্ত সভায় অবহিত করা হয়। উপজেলার সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদপূর্বক প্রদত্ত তথ্য আগামী ২২/০৬/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে এ সংক্রান্ত প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।<br><br>জেলা ও উপজেলা ইনোভেশন টিম জেলা ও উপজেলা পোর্টাল নিয়মিত মনিটরিং এবং উদ্ভূত সমস্যা ও জটিলতা নিরসনে প্রয়োজনীয় কর্মপদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। প্রতি মাসের সভায় জেলা ওয়েব পোর্টালের যে কোন একটি দপ্তরের হালনাগাদ তথ্য নিয়ে আলোচনা করার জন্য সভাপতি জেলা ইনোভেশন টিমের কর্মকর্তা/সদস্যবৃন্দকে অনুরোধ করেন। ওয়েব পোর্টাল সর্ম্পকে উদ্ভূত সমস্যা ও জটিলতা নিরসনে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br><br>সভাপতি আগামী ২২/০৬/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), কুড়িগ্রামের নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালে প্রদত্ত তথ্য হালনাগাদপূর্বক এ সংক্রান্ত প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করেন। | ১। জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল এর তথ্য সংযোজন ও নিয়মিত হালনাগাদ করতে হবে। জেলা ও উপজেলা ইনোভেন টিম জেলা ও উপজেলা পোর্টাল নিয়মিত মনিটরিং করবেন।<br><br>২। উপজেলা পোর্টালসমূহের তথ্য হালনাগাদপূর্বক প্রতি মাসের জেলা ইনোভেশন টিম এর সভায় উপস্থাপন করতে হবে এবং প্রদত্ত তথ্য সংক্রান্ত প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>৩। জেলা ওয়েব পোর্টালের যে কোন একটি দপ্তরের হালনাগাদ তথ্য নিয়ে আলোচনা করতে হবে।<br><br>৪। ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদকরণের জন্য প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br><br>৫। নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালের পাসওয়ার্ড পরিবর্তন, প্রত্যেক দপ্তরের ওয়েব পোর্টালে সকল কর্মকর্তা/কর্মচারীগণের প্রোফাইল আপডেটসহ যে সকল দপ্তরের বিভিন্ন ধরণের প্রকল্প আছে তা ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।<br><br>৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), কুড়িগ্রামের নিজ নিজ দপ্তরের প্রদত্ত তথ্য হালনাগাদপূর্বক এ সংক্রান্ত প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল এর ফোকাল পয়েন্ট<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br><br>৩। সহকারী কমিশনার (আইসটি) কুড়িগ্রাম।<br><br>৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), কুড়িগ্রাম। |

| | | | |
|---|---|---|---|
| ৭ | **<u>ইনোভেটিভ আইডিয়ার পাইলট প্রকল্প সম্পর্কে আলোচনাঃ</u>**<br><br>সভায় নাগরিক সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌছানো নিশ্চিতকরণে জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরকে নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেন। | ১) জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হলো। | জেলা ইনোভেশন টিম, উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট দপ্তর |
| ৮ | বিবিধঃ<br><br>১। সভাপতি কুড়িগ্রাম জেলায় ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে ফেসবুক গ্রুপ Innovation Teams, Kurigram বিষয়ে আলোচনা করেন। তিনি ইনোভেশন টিমের সকল সদস্যকে ফেসবুকের উক্ত গ্রুপটিতে সম্পৃক্ত হতে অনুরোধ করেন এবং জনবান্ধবমূলক ছবি ইনোভেশন টিম’স ফেসবুক পেইজে আপলোড করার জন্য বিশেষভাবে অনুরোধ করেন।<br><br>২। কোন কর্মকর্তা বদলি বা অন্য কোন কারণে কর্মস্থল পরিবর্তন করলে তার উদ্যোগটি চলমান রাখতে সভায় অনুরোধ করা হয়। | ১) ইনোভেশন সংক্রান্ত ফেসবুক গ্রুপে সকল কর্মকর্তাকে অন্তর্ভুক্তকরণসহ জনবান্ধবমূলক ছবি আপলোড করার জন্য অনুরোধ করেন।<br><br>২) চলমান উদ্ভাবনীসমূহের উদ্ভাবক/ কর্মকর্তা বদলি হলে এ কার্যালয়কে অবহিতকরণ করতে হবে ও উদ্যোগটি চলমান রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা, কুড়িগ্রাম।<br><br>২) সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোঃ রফিকুল ইসলাম সেলিম)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
কুড়িগ্রাম
ও
সভাপতি
জেলা ইনোভেশন টিম।
ই-মেইলঃ adcictkurigram@yahoo.com